



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি/২০১৬/১২৩৬৬

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

মৌলভীবাজার টাউন কামিল মাদরাসা, ডাকঘর: মৌলভীবাজার, উপজেলা: মৌলভীবাজার, জেলা: মৌলভীবাজার (মাদরাসা কোড: ১৮৭৯৩, EIIN:129718) এর ফাজিল (অনার্স) আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪)ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ২৫.০৭.২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ৯ম সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০৮.২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৫তম সভার সুপারিশ এবং ২৮.০৮.২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৭তম সভায় অনুমোদনের পরিপ্রেক্ষিতে উক্ত মাদরাসার ফাজিল (অনার্স) আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলো।

শর্তসমূহ:

১. এ আদেশ সিন্ডিকেট সভার তারিখ অর্থাৎ ২৮.০৮.২০২৩ খ্রি. থেকে কার্যকর হবে।
২. শূন্য পদসমূহে অনতিবিলম্বে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৪. ফাজিল (অনার্স) এমপিও ভুক্ত না হওয়া পর্যন্ত নিজস্ব অর্থায়নে অতিরিক্ত শিক্ষক নিয়োগ দিয়ে ক্লাস পরিচালনা করতে হবে।
৫. শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৬. কলামনার ক্যাশবই যথাযথভাবে পূরণ করত: আয়-ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।
৭. শিক্ষার্থীদের জন্য আবাসন ব্যবস্থা গড়ে তুলতে হবে এবং কিছু শিক্ষকের মাদরাসা ক্যাম্পাসে বসবাসের ব্যবস্থা করতে হবে।
৮. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৯. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

Md. 12.09.2023
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল নম্বর- ০১৭০৫ ৪০৮০০১
iauregistr@gmail.com

অধ্যক্ষ
মৌলভীবাজার টাউন কামিল মাদরাসা
মৌলভীবাজার

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি/২০১৬/১২৩৬৬

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আইসিটি শাখা, (ওয়েব সাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সভাপতি, মৌলভীবাজার টাউন কামিল মাদরাসা, মৌলভীবাজার।
৬. অফিস নথি।

Md. 12.09.2023
(মুহাম্মদ আখলাকুল আশিয়া)
সেকশন অফিসার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল নম্বর- ০১৬১৫ ৬২২১৫১